

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৬.২৬৪.১৬/ ১৬১০

তারিখ : ০৮/১০/২০১৬ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে SEIP প্রকল্পে জন্য ফোকাল পারসন নিয়োগ প্রসঙ্গে।


সূত্র : স্মারক নং- অবি/সেইপ/ডিটিই/৬৬/১৪-১৫/৯৯৯ তারিখ : ২৭ জুন, ২০১৬


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (এসইআইপি) শীর্ষক প্রকল্পের অর্থায়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ৮টি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং ফেনী কম্পিউটার ইন্সটিটিউটে বিভিন্ন কোর্সে দক্ষতা প্রশিক্ষণ চলমান রয়েছে। সেই প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম টিএসসিসমূহে যথাযথভাবে সম্পন্ন করছে কিনা তা কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক অধিকতর মনিটর হওয়া প্রয়োজন বলে পত্রে উল্লেখ করা হয়েছে।

২। এ প্রশিক্ষণ কার্যক্রম সূচারূপে পরিবীক্ষণের জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (ভোকেশনাল) জনাব মোঃ মিজানুর রহমান-কে SEIP প্রকল্পের জন্য ফোকাল পারসন হিসেবে মনোনীত করা হল।

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

জাতীয় প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
SEIP প্রকল্প  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

  
(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর  


দৃষ্টি আকর্ষণ : জনাব রহিমা বেগম, সহকারি নির্বাহী প্রকল্প পরিচালক।

অনুলিপি:

- ১। জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস নথি।